

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.০৪০.১৭-

তারিখঃ-----

বিষয়ঃ মেসার্স আটলানটেক্স এ্যাপারেল (প্রাঃ) লিঃ শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

মেসার্স আটলানটেক্স এ্যাপারেল (প্রাঃ) লিঃ, অফিস ও কারখানাঃ দক্ষিণ সালনা, পোঃ সালনা বাজার, গাজীপুর। শিল্প খাত-তৈরী পোশাক (ওভেন) এর অধীনে স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে নিবন্ধিত যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি ০০০৪৬৬-১৭, তারিখঃ ২৭/০৯/২০১৭ইং। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানীর লক্ষ্যে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের আবেদন জানালে তাদের কাগজপত্রাদি অত্র পরিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষা পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানীর লক্ষ্যে তাঁদের অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানীর ক্ষেত্রে ষাণ্মাসিক আমদানী স্বত্ব নির্ধারণ প্রযোজ্য নয় বিধায় ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে মেসার্স আটলানটেক্স এ্যাপারেল (প্রাঃ) লিঃ ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটি ইতিমধ্যে আমদানি কারক হিসেবে নিবন্ধন ফিস বাবদ পাশ বইসহ ৬১,০০০/- (একষাট হাজার টাকা মাত্র) ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়ায় শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। উল্লেখ্য যে, কারখানাটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানীকৃত কাঁচামালসমূহ বন্ডেড-ওয়্যার হাউজ এর মাধ্যমে আমদানী করতে হবে।

প্রধান নিয়ন্ত্রক,
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার)
১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

মোঃ আব্দুস সালাম
উপ-পরিচালক (কারিগরি)
রপ্তানী শাখা
ddexport@dot.gov.bd
ফোনঃ ৯১১৬৩৮৫

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.০৪০.১৭- ৩৭১১

তারিখঃ ০৬/১১/১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ


- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স আটলানটেক্স এ্যাপারেল (প্রাঃ) লিঃ, অফিস ও কারখানাঃ দক্ষিণ সালনা, পোঃ সালনা বাজার, গাজীপুর।
- ৩। মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

মোঃ নিজাম উদ্দিন
সহকারী পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
adexport@dot.gov.bd
ফোনঃ ৯১১১১০৯

৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর তথ্যাদি প্রেরণের নির্ধারিত “ছক”

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	শিল্প উপ-খাতের নাম	পোষকের নাম	অনুমোদিত নিবন্ধনের নং ও তারিখ	স্থানীয় যন্ত্রপাতির বিবরণ	যানাসিক আমদানি স্বত্ব এর পরিমাণ
১।	মেসার্স আটলানটেক্স এ্যাপারেল প্রোঃ) লিঃ, অফিস ও কারখানাঃ দক্ষিণ সালনা, পোঃ সালনা বাজার, গাজীপুর।	তৈরি পোশাক (ওভেন)	বস্ত্র পরিদপ্তর, ঢাকা।	যার নিবন্ধন সংখ্যা- আরএমার্জি/ইএক্সপি ০০০৪৬৬-১৭, তারিখঃ ২৭/০৯/২০১৭ইং	স্থানীয় টাকা এলসিকৃত	যানাসিক আমদানি স্বত্ব এর পরিমাণ উল্লেখ্য যে, তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির যানাসিক আমদানি স্বত্ব নির্ধারণ প্রযোজ্য নয় বিধায় ১০০% রপ্তানিমুখি তৈরী পোষাক শিল্প হিসাবে প্রতিষ্ঠানটি কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ অনুচ্ছেদ ২৪.৯ বিধি বিধান যথাযথ ভাবে প্রতি পালন করতে হবে।

উৎপাদন শুরু হওয়ার তারিখ	পরিদর্শকের নাম	যানাসিক আমদানি স্বত্ব এর পরিমাণ	মন্তব্য
১লা ডিসেম্বর/২০১৭ খ্রিষ্টাব্দ।	জনাব শ্রীতম বিশ্বাস ইন্সপেক্টর বস্ত্র পরিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা-১২১৫।	যানাসিক আমদানি স্বত্ব এর পরিমাণ উল্লেখ্য যে, তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির যানাসিক আমদানি স্বত্ব নির্ধারণ প্রযোজ্য নয় বিধায় ১০০% রপ্তানিমুখি তৈরী পোষাক শিল্প হিসাবে প্রতিষ্ঠানটি কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ অনুচ্ছেদ ২৪.৯ বিধি বিধান যথাযথ ভাবে প্রতি পালন করতে হবে।	এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আই আরসি জারীর সুপারিশ করা হল।



মোঃ নিজাম উদ্দিন
সহকারী পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
adexport@dot.gov.bd
ফোনঃ ৯১১১১০৯